# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
## ঢাকা-১০০০, বাংলাদেশ

পরিচালক

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৮৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭৩৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd


নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৯/ডিআর-৭২ (২৯) তারিখ-১৩/০৫/২০১৯

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IICT, IAT, ARI, CES, DCE
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

*বিষয়ঃ* <u>২০১৯ সালের জন্য ইউজিসি কর্তৃক গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান প্রসঙ্গে।</u>

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) থেকে প্রাপ্ত একখানা পত্র ও তদসংযুক্তি আপনার অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল। এ বিষয়ে কমিশনের শর্তাবলীর আলোকে বিষয়ভিত্তিক গবেষণা প্রকল্প প্রস্তাব নির্ধারিত প্রোফর্মায় ৫ কপি (৪ কপি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণের জন্য এবং ১ কপি রেজিস্ট্রার অফিসের রেকর্ডের জন্য) আগামী ২৪শে জুন, ২০১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, প্রকল্প প্রস্তাবনার Soft copy UGC'র আবেদন ফরমে উল্লেখিত বিষয়ভিত্তিক সরাসরি Email-এ প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এতদসংক্রান্ত প্রাপ্ত প্রস্তাবসমূহ একত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আগামী ৩০শে জুন, ২০১৯ইং তারিখে পরিচালক, রিসার্চ সাপোর্ট এ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর পাঠানোর অনুরোধ জানানো হয়েছে। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

গবেষণা প্রকল্প প্রস্তাব সম্পর্কিত যাবতীয় তথ্য **<u>website: www.ugc.gov.bd</u>** থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

১৬.০৫.১৯
*(অধ্যাপক ড. শেখ রিয়াজ আহমেদ)*
পরিচালক, ডিএইআরএস

নং-ডিএইআরএস/CASR/F-21/বিমক-গবেষণা প্রকল্প/২০১৯/ডিআর-৭২ (২৯)/2 তারিখ-১৩/০৫/২০১৯

১। পিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

hp/Enve-E/CASR Let/All Head (Bangla/page-216)/2019

email to teachers

CSE

**R-55**

বিষয় ঃ **২০১৯ সালের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ইউজিসি থেকে একটি পত্রসহ বিজ্ঞপ্তি পাওয়া গিয়েছে (সংযুক্ত)। বিজ্ঞপ্তিতে ইউজিসি কর্তৃক ২০১৯ সালের জন্য মৌলিক গবেষণাকর্মে সহায়তাদানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের নিকট থেকে গবেষণা প্রকল্প আহ্বান করা হয়েছে। গবেষণা প্রকল্প প্রস্তাবের ৪(চার) কপি বিভাগীয় প্রধান দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রার মহোদয়ের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় **আগামী ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে** প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।

**উল্লেখ্য যে,** বিমক-এর এ ধরনের গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বানের Circular সমূহ সাধারণতঃ ডিএইআরএস অফিস থেকে জারী করা হয়ে থাকে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রাপ্ত বিজ্ঞপ্তিটি সকল বিভাগ/ইনস্টিটিউটের সম্মানীত শিক্ষকগণের মধ্যে **Circular** করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএইআরএস অফিসে প্রেরণ করা যেতে পারে।

DRT
রেজিস্ট্রার মহোদয়,

পেশ করা হলো।

১১/৫/১৯

১১.৫.১৯

11 MAY 2019

পরিচালক, DAERS

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/ গ প্র আ/ছায়ানথি-১/২০১৯/ ৩৭৭১

তারিখ : ৩০-০৫-২০১৯ইং

বরাবর

রেজিস্ট্রার

ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/ কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বরিশাল/ বাংলাদেশ টেক্সটাইল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ইসলামী আরবি/চট্টগ্রাম মেডিকেল/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।

বিষয় : ২০১৯ সালের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে ।

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে প্রতিবছরের ন্যায় ২০১৯ সালের জন্য গবেষণা প্রকল্প আহ্বান করেছে। এতদসঙ্গে সংযুক্ত ২০১৯ সালের জন্য প্রকল্প আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদ/বিভাগ/ইন্সটিটিউটে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো। যে সকল বিশ্ববিদ্যালয়ে গবেষণা সেল রয়েছে, সেক্ষেত্রে পরিচালক, গবেষণা সেলকেও অবগত করার জন্য অনুরোধ জানানো হলো।

প্রকল্প প্রস্তাব সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী ইউজিসি'র ওয়েব সাইটে (**www.ugc.gov.bd**) পাওয়া যাবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

৩০/০৫/১৯

নাহিদ সুলতানা

উপ-পরিচালক

রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন

ফোন- ৫৮১৬০২২৭, ০১৭০৫৬০৭২৪৩।

**Email: nahidsultana.ugc@gmail.com**

স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/ গ প্র আ/ছায়ানথি-১/২০১৯/

তারিখ : ৩০-০৫-২০১৯ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল-

১। পরিচালক (চলতি দায়িত্ব), রিসাপা মহোদয়, ইউজিসি, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), ইউজিসি, ঢাকা।
৩। সহকারী সচিব, সদস্য (রিসাপা) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।
৫। নথি/ মহানথি।

৩০/০৫/১৯

মোঃ সফিকুল ইসলাম

সহকারী পরিচালক

রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন

DR-1

06/05/19

Sr AR (T)

E:\Backup 01-07-2017\Project Invitation-2018\Project Invitation-2019.doc

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন


স্মারক নং- ৬(১২৩)/বিমক/রিসাপা/গপ্রআ/২০১৯/(ছায়ানথি-১)/ ৬৭৭৯ তারিখ ঃ ৩০-০৪-২০১৯ইং

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০১৯ সালের জন্য মৌলিক গবেষণাকর্মে সহায়তাদানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে গবেষণা প্রকল্প আহ্বান করা যাচ্ছে।

প্রকল্প প্রস্তাবনা কমিশনের নির্ধারিত ফরমে এবং নিয়মানুযায়ী হতে হবে। অসম্পূর্ণ প্রস্তাব বিবেচিত হবে না। ০১(এক) বছর মেয়াদি প্রকল্পের জন্য প্রকল্প পরিচালকের সম্মানী (১ মাসের মূল বেতনের সমপরিমাণ কিন্তু ৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) ও ০১ জন গবেষণা সহকারী/ল্যাব এ্যাটেনডেন্ট/শ্রমিকের (প্রয়োজনে) মাসিক ভাতাসহ প্রস্তাবিত বাজেট কলা/সামাজিক বিজ্ঞান/ব্যবসা প্রশাসন শাখার জন্য ২,৬০,০০০/-(দুই লক্ষ ষাট হাজর) টাকা এবং জীব/ভৌত/রসায়ন /চিকিৎসা/প্রকৌশল/কৃষি (ক্রপ/লাইফ) শাখার জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গবেষণা প্রকল্পের আবেদনপত্র, তথ্যাবলি ও অন্যান্য কাগজপত্র ইউজিসি ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

গবেষণা প্রকল্প প্রস্তাবের ৪(চার) কপি বিভাগীয় প্রধান/অনুষদের ডিন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ৩০-০৬-২০১৯ইং তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং সফ্ট কপি কলা ও মানবিক এবং সামাজিক বিজ্ঞান ও বিজনেস স্টাডিজ এর ক্ষেত্রে arts_humanities.rsp@ugc.gov.bd, social_science.rsp@ugc.gov.bd, business_studies.rsp@ugc.gov.bd এবং জীববিজ্ঞান, রাসায়নিক বিজ্ঞান, ভৌতবিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি, কৃষিবিজ্ঞান- i. ক্রপ সায়েন্স (কৃষি, কৃষি অর্থনীতি ও কৃষি প্রকৌশল) ii. কৃষি লাইফ সায়েন্স (ভেটেরিনারি, পশুপালন ও ফিসারিজ) এবং চিকিৎসাবিজ্ঞান এর ক্ষেত্রে biological_science.rsp@ugc.gov.bd, chemical_science.rsp@ugc.gov.bd, physical_science.rsp@ugc.gov.bd, engineering_science.rsp@ugc.gov.bd. crop_science.rsp@ugc.gov.bd, life_science.rsp@ugc.gov.bd, medical_science.rsp@ ugc.gov.bd ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, সফ্ট কপি ব্যতিরেকে গবেষণা প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না এবং সফ্ট কপি Microsoft Office Word-এ পাঠাতে হবে।

বিঃ দ্রঃ

(ক) সহকারী অধ্যাপক থেকে অধ্যাপক এবং উচ্চতর পদের নিয়োজিত শিক্ষকগণ একক অথবা যৌথভাবে আবেদন করতে পারবেন। এছাড়াও পিএইচডি ডিগ্রিধারী প্রভাষকগণও আবেদন করতে পারবেন।

(খ) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে প্রকল্প চলমান থাকা অবস্থায় নতুন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না।

(গ) প্রকল্পের বাজেট নির্ধারণের জন্য প্রকল্প পরিচালকের pay-slip প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে এবং প্রকল্প প্রস্তাবনা জমা দেয়ার সময় প্রাপ্য বেতনের ভিত্তিতে প্রকল্প পরিচালকের সম্মানী ভাতা নির্ধারণ করা হবে।

৩০/০৪/২০১৯

নাহিদ সুলতানা
উপ-পরিচালক
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন
ফোনঃ ৫৮১৬০২২৭

C:\Documents and Settings\RSP\Desktop\Project Invitation-2019.doc